

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
(বোর্ড প্রশাসন-১)  
www.nbr.gov.bd

আমরা বদলে যাবো  
আমরা বদলে দেবো

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.০২২.২১

তারিখঃ ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিনা বেতনে অসাধারণ ছুটির (বহিঃ বাংলাদেশ) আবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ জনাব মোছা: নূরুন নাহার ফয়জুন নেছা, সহকারী প্রোগ্রামার এর ১০/১২/২০২৩ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী প্রোগ্রামার, জনাব মোছা: নূরুন নাহার ফয়জুন নেছা এর স্বামী জনাব মোহাম্মদ মইনুল ইসলাম ইউনাইটেড স্টেট অফ আমেরিকার ফ্লোরিডা আর্টলাস্টিক ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স কোর্সে (০৭ জানুয়ারি ২০২৩ থেকে ২০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) অধ্যয়নরত রয়েছেন। জনাব মোহাম্মদ মইনুল ইসলাম গত ২২ জুন ২০২৩ তারিখে ফ্লোরিডায় একটি সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হন। জনাব মোছা: নূরুন নাহার ফয়জুন নেছা স্বামীর দৈনন্দিন কার্যক্রমসহ সঠিক চিকিৎসা এবং পড়াশোনা চলমান রাখার লক্ষ্যে আগামী ২১/১২/২০২৩ হতে ২০/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ০১ (এক) বছর ইউনাইটেড স্টেট অফ আমেরিকায় থাকার জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে বহিঃবাংলাদেশ গমনের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করেন। তাঁর দাখিলকৃত আবেদন ও আনুষঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংক্ষেপে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃঃ আঃ যুগ্ম-সচিব (প্রশাসন)]

শ্যাম-  
(মোঃ শফিকুর রহমান)  
সদস্য (বোর্ড প্রশাসন)  
জাতীয় রাজস্ব বোর্ড

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.০২২.২১/২৩৬৮(০১)

তারিখঃ ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। জনাব মোছা: নূরুন নাহার ফয়জুন নেছা, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৩। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

N. (প্রোগ্রামার)  
K.M. Zindagi  
20.12.2023

20/12/23  
(সুক্তি রানী সরকার)  
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)